**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 22.04.25** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ স্কুল সার্ভিস কমিশন, যোগ্য ও অযোগ্য শিক্ষক ও শিক্ষা কর্মীদের তালিকা আর প্রকাশ করবে না বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন।

# রাজ্য সরকার, সুপ্রিম কোর্টে রায় পুনর্বিবেচনার আর্জি জানাবে।

# এরই মধ্যে SSC ভবনের সামনে চলেছে চাকরীহারাদের বিক্ষোভ অবস্থান।

২/ সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে মুর্শিদাবাদের সামশেরগঞ্জে অশান্তি ও হিংসার ঘটনায় এপর্যন্ত ২৯৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

# বিজেপির রাজ্য সভাপতি হিংসা কবলিত গ্রাম পরিদর্শনের পর স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দরবারের আশ্বাস দিলেও, স্থায়ী BSF ক্যাম্পের দাবিতে অনড় আক্রান্তরা।

৩/ পশ্চিম মেদিনীপুর সফররত মুখ্যমন্ত্রী আজ গোয়ালতোড়ে নবনির্মিত সৌরবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন করবেন।

৪/ চিকিৎসার পর নথিভুক্ত রোগী ও তাঁর পরিবার যাতে খরচ বাবদ টাকা পায়, মেডিক্লেম সংস্থাগুলিকে তা’ সুনিশ্চিত করার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য কমিশন।

৫/ IPL ক্রিকেটে ইডেনে গতসন্ধ্যায় গুজরাট টাইটান্স, ৩৯ রানে কলকাতা নাইট রাইডার্সকে হারিয়ে দিয়েছে।

*************************************************************************

পশ্চিমবঙ্গে স্কুল সার্ভিস কমিশন, যোগ্য ও অযোগ্য শিক্ষকদের তালিকা আর প্রকাশ করবে না বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। রাজ্য সরকার এরপর সরাসরি সুপ্রিম কোর্টে, রায় পুনর্বিবেচনার আর্জি জানাবে বলে তিনি গতকাল স্পষ্ট জানিয়ে দিয়েছেন।

এদিকে, SSC ভবনের সামনে চাকরিহারাদের বিক্ষোভ অবস্থানের মধ্যেই স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার গতকাল রাত বারোটা পনেরো নাগাদ এক বিজ্ঞপ্তি জারি করে জানান, তাঁরা সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে চলবেন।

অন্যদিকে, SSC ও শিক্ষামন্ত্রী, চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের নিয়ে সরকারের অবস্থান স্পষ্ট করে দেওয়ার পর গতকাল রাতভর SSC ভবনের সামনে বিক্ষোভ দেখান তাঁরা। যতক্ষণ না তালিকা প্রকাশ করা হচ্ছে ততক্ষণ সেখান থেকে সরবেন না বলে হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা।

( একটি প্রতিবেদন – ভি সি সুমন )

*****************************

ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট WBJDF, চাকরিহারা যোগ্য শিক্ষকদের আন্দোলনে তাদের পাশে থাকার আশ্বাস দিয়েছে। ডাক্তার অনিকেত মাহাতো, আশফাকুল্লা নাইয়া ও দেবাশীস হালদারের নেতৃত্বে এক প্রতিনিধি দল গতরাতে আন্দোলনরত চাকরিহারা শিক্ষকদের সঙ্গে দেখা করে এই আশ্বাস দেন।

WBJDF এর পক্ষে ডাক্তার অনিকেত মাহাতো এই আন্দোলনকে সর্বতোভাবে ন্যায়বিচারের ন্যায্য আন্দোলন উল্লেখ করে তার প্রতি সংহতি জানিয়ে সমাজের সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষকে তাদের লড়াই-এ পাশে দাঁড়ানোর আহ্বান জানান।

(বাইট- ডাক্তার অনিকেত )

*****************************

শিক্ষক নিয়োগে যারা দুর্নীতি করেছে, তাদের আগে জেলে ভরতে হবে বলে বিজেপি রাজ্য সভাপতি ডক্টর সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। নদীয়ার নাকাশিপাড়ার যুগপুরে গতকাল দলীয় নেতাকর্মীদের সঙ্গে ‘চায়ে পে চর্চা’য় অংশ নিয়ে সাংবাদিকদের তিনি বলেন, প্রশাসন যেন তেন প্রকারে উদ্বাস্তু শিবির বন্ধ করে দেওয়ার চেষ্টা করছে। কারণ ক্যাম্প চললেই মানুষ প্রশ্ন করবেন, বাংলায় কেন শরণার্থী হচ্ছে।

( বাইট- সুকান্ত )

******************************

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে নেপালি পাড়া হিন্দি হাই স্কুলের বেদখল হওয়া জায়গা উদ্ধারের দাবিতে পড়ুয়াদের সঙ্গে নিয়ে শিক্ষকরা গতকাল কোকওভেন থানায় বিক্ষোভ দেখান।

প্রধান শিক্ষক কলিমূল হক জানিয়েছেন, স্কুলটি গড়ে তোলার সময় দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড চার একর জমি দেয়। আড়াই একর জমির উপর গড়ে ওঠে স্কুল। দেড় একর জমি পড়ে থাকে। সেই জমি বেদখল হয়ে যায়। বর্তমান সময় স্কুলের বেশ কিছু শ্রেণীকক্ষ গড়ে তোলার জন্য জমির প্রয়োজন। তাই দখলদারদের জমি খালি করার কথা জানানো হলেও তারা কোন গুরুত্ব দিচ্ছে না।

এদিকে, বিষয়টি নিয়ে সমালোচনায় সরব হয়েছেন দুর্গাপুর পশ্চিমের বিধায়ক বিজেপি নেতা লক্ষ্মণ ঘোরুই। তিনি বলেন, সম্প্রসারণের জন্য স্কুলের জমি থেকে জবরদখলকারীদের সরানো এবং তাদের বসবাসের জন্য অন্য জায়গায় জমি দেওয়া হোক। কেন্দ্রীয় সরকারের তরফে তাদের ঘরের ব্যবস্থা করা হবে।

******************************

সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে মুর্শিদাবাদের সামশেরগঞ্জে অশান্তি ও হিংসার ঘটনায় এপর্যন্ত ২৯৩ জন গ্রেপ্তার হয়েছে, এর মধ্যে ২৯১ জনই স্থানীয়। গতকাল ওড়িশার ঝারসুগুদায় অভিযান চালিয়ে সাফাউল হক ও বাণী ইস্রায়িল সহ মোট আট জনকে গ্রেপ্তার করা হয়েছে।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভি সি মামুন )

এদিকে সুপ্রিমকোর্ট, সাম্প্রতিক ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে মুর্শিদাবাদ সহ পশ্চিমবঙ্গের কয়েকটি এলাকায় হিংসার ঘটনার প্রেক্ষিতে রাজ্যে ৩৫৫ ধারা জারি করে আধা সামরিক বাহিনী মোতায়েনের আর্জির ওপর কোনো রকম হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে।

*****************************

CPIM-এর রাজ্য সম্পাদকমন্ডলির নতুন দসস্য হলেন মীনাক্ষী মুখোপাধ্যায় ও সৈয়দ হোসেন। দলের রাজ্য কমিটির দু-দিনের বৈঠক গতকাল মুজাফর আহমেদ ভবনে শুরু হয়েছে। ওই বৈঠকে ১৫ জন সদস্যকে নিয়ে গঠিত হয় নতুন রাজ্য সম্পাদক মন্ডলী।

*****************************

পোপ ফ্রান্সিস-এর প্রয়াণে দেশে তিন দিনের রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে।

কেন্দ্রীয় সরকার জানিয়েছে, আজ ও আগামীকাল পালিত হবে ২ দিনের শোক। এছাড়া পোপের শেষকৃত্যের দিন'ও রাষ্ট্রীয় শোক পালন করা হবে।

রাষ্ট্রীয় শোকের দিনগুলিতে দেশের সর্বত্র জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। সব রকমের সরকারী বিনোদন মূলক অনুষ্ঠান ও বাতিল করা হয়েছে।

আগেই জানানো হয়েছে, দীর্ঘ রোগভোগের পর পোপ ফ্রান্সিস গতকাল শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিলো ৮৮ বছর।

*****************************

পশ্চিম মেদিনীপুর সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মেদিনীপুর কলেজ মাঠে সরকারী অনুষ্ঠানের মঞ্চ থেকে গোয়ালতোড়ে সৌরবিদ্যুৎ কেন্দ্রের শিলান্যাস ও কিছু সামাজিক সুরক্ষা প্রকল্পের শিলান্যাস করবেন।

শালবনীতে গতকাল জিন্দাল শিল্প গোষ্ঠীর ৮০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দুটি পরিবেশবান্ধব তাপবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং দু'হাজার একর জমির ওপর একটি শিল্পতালুকের শিলান্যাস করার পরে সার্কিট হাউসে রাত্রিবাস করেন তিনি ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, শালবনী বিদ্যুৎ কেন্দ্র দুটি তৈরি হলে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ১৫ হাজার মানুষের কর্মসংস্থান হবে।

(বাইট – মুখ্যমন্ত্রী শিল্প )

*****************************

চিকিৎসার পরে নথিভুক্ত রোগী অথবা তার পরিবার যাতে চিকিৎসার খরচ বাবদ টাকা পায়, মেডিক্লেম সংস্থাগুলিকে তা সুনিশ্চিত করার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য কমিশন।

মেডিক্লেম নিয়ে জমা পড়া বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে স্বাস্থ্য কমিশনের আধিকারিকরা গতকাল কলকাতায় সরকারি ও বিভিন্ন অসরকারি মেডিক্লেম সংস্থার প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। সেখানেই সংস্থাগুলির কাছে জমা পড়া রোগীর চিকিৎসার বিল সহ যাবতীয় নথি পরীক্ষা করে দ্রুত চিকিৎসা খরচ বাবদ টাকা মিটিয়ে দেওয়ার কথা বলা হয়। কোনভাবেই রোগী কিংবা তার পরিবারকে হয়রানি করা যাবে না বলেও জানানো হয়েছে। অভিযোগ সত্যি প্রমাণিত হলে সংশ্লিষ্ট সংস্থার বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে কমিশনের আধিকারিকরা জানিয়েছেন।

***************************

ডাক্তার স্বপন সোরেন পশ্চিমবঙ্গ স্বাস্থ্য পরিষেবা- DHS স্থায়ী ডিরেক্টর নির্বাচিত হয়েছেন। তিনি এতদিন DHS–এর ইনচার্জ বা তত্ত্বাবধায়ক ছিলেন। রাজ্যের প্রধান সচিবের দফতর থেকে গতকাল এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

*************************

ইডেনে গতসন্ধ্যায় IPL ক্রিকেটের ম্যাচে গুজরাট টাইটান্স ৩৯ রানে কলকাতা নাইট রাইডার্সকে হারিয়ে দিয়েছে। জয়ের জন্য ১৯৯ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে আট উইকেটে ১৫৯ রানে নাইট রাইডার্সের ইনিংস শেষ হয়ে যায়।

আমাদের ক্রীড়া সংবাদদাতার একটি প্রতিবেদন- ( ভিসি- অরিজিত দত্ত)

*****************************************************************